বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
শৃঙ্খলা পরিদপ্তর
পানি ভবন, ৭২, গ্রীন রোড, ঢাকা-১২০৫।
www.bwdb.gov.bd

নম্বর: ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২.৫১

তারিখ: ১০ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ জানুয়ারী ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়ঃ চাকরি হতে “বরখাস্ত” (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসঙ্গে।

যেহেতু, আপনি জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকার দপ্তরে কর্মরত থাকাকালীন পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.০৫.১৬-৪০৬ তারিখ: ২০-০৬-২০১৯ খ্রিঃ মোতাবেক আপনার অনুকূলে বিগত ২০-০৮-২০১৯ খ্রিঃ তারিখ হতে ৩০-০৯-২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত (০২ বছর ০১ মাস ১২ দিন) Swedish Institute Scholarship for Global Professional University of Gothenburg, Sweden-এ Masters in Software Engineering and Management প্রোগ্রামে অধ্যয়নের নিমিত্ত প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে প্রেষণের মেয়াদ বৃদ্ধির জন্য আপনার আবেদনের প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০০.০০০০.০৩১.২৫.২০৫.১৭-১৬৮ তারিখ: ০৩-১১-২০২১ খ্রিঃ মোতাবেক প্রেষণের মেয়াদ ৩১-০৩-২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬(ছয়) মাস বর্ধিত করা হয়। আপনি পুনরায় ১৮(আঠার) মাস পূর্ণ গড়/অর্ধ গড়/বিনা বেতনে অসাধারণ ছুটির আবেদন করেন। কিন্তু বোর্ড কর্তৃক উক্ত ছুটি বিবেচিত হয়নি মর্মে আপনার দপ্তরকে অবহিত করা হলে আপনার দপ্তর হতে বিষয়টি আপনাকে অবহিত করা হয় এবং অনতিবিলম্বে বোর্ডে যোগদানের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু আপনি পানি সম্পদ মন্ত্রণালয়ের মঞ্জুরীকৃত ছুটি শেষে অদ্যাবধি বোর্ডে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা পানি সম্পদ মন্ত্রণালয়ের মঞ্জুরীকৃত প্রেষণাদেশের শর্তাবলীর পরিপন্থী। আপনি আপনার স্বীয় কাজে যোগদান না করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা চাকরি বিধি পরিপন্থী কাজ এবং শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ) অনুযায়ী আপনার উপর যে কোন দণ্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দণ্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র দপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪৪.২২-৪০২ তারিখঃ ২৪-১১-২০২২ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল হতে বিরত রয়েছেন। যা চাকরি বিধি পরিপন্থী কাজ।

৩। যেহেতু, আপনার বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় কার্যধারায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪২.২২-৪২ তারিখঃ ০১-০২-২০২৩ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। নিয়োগকৃত তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে অভিযোগনামায় আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনি দোষী সাব্যস্ত হয়েছেন। সেহেতু বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবোর্ডের চাকরি হতে “বরখাস্ত” (dismissal from service) দন্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

অঃপৃঃদ্রঃ

E:\Quddus\Showcause.docx15

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক আপনার উপর কেন ''চাকরি হতে বরখাস্ত'' (dismissal from service) দন্ড চুড়ান্তভাবে আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসংগে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি ।

২৪/০১/২০২৪
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বর-৬৬০৮০৫০০২

**প্রাপকঃ**

১। জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, প্রোগ্রামার, কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট সেল, বাপাউবো, ঢাকা।
২। জনাব আব্দুল্লাহীল বাকী মোঃ রুহুন্নবী, পিতা-মোঃ নূরুন্নবী, রোড নং-৯৭ বরনটেক, ডাকঘর-মিরপুর, থানা-পল্লবী, জেলা-ঢাকা ১২০৬।

**কার্যার্থে/জ্ঞাতার্থেঃ**

১। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি দুইটি বহুল প্রচারিত দৈনিক পত্রিকায় (বাংলা ও ইংরেজি) প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা। পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

ডায়েরী নং ৭৫৭
সিস্টেম এনালিস্ট
প্রোগ্রামার ১/২
সহকারী প্রোগ্রামার ১/২/৩/৪
নেটওয়ার্ক প্রকৌশলী
হিসাব করণিক
অফিস সহঃ কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক

তারিখঃ ২৫/১/২৪
জরুরী/অতি জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
আলোচনা করুন
নথিতে রাখুন

২৫/০১/২০২৪
সিনিয়র সিস্টেম এনালিস্ট
কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।